



KINDER
RECHTE
SCHULEN

unicef 
für jedes Kind

অভিভাবকের জন্যে সরল ভাষায় শিশু-অধিকারবান্ধব বিদ্যালয় কার্যক্রম বিষয়ে তথ্য

তারিখ: অগাস্ট ২৩, ২০২১

সুপ্রিয় অভিভাবকবৃন্দ,

শিশুদের জন্যে বিদ্যালয় একটি বিশেষ স্থান। সেখানে তারা পড়তে ও লিখতে শেখে। পাশাপাশি তারা জীবনের অভিজ্ঞতা সঞ্চয় করে – বন্ধুদের সাথে পরিচিত হয়, সাফল্যের পাশাপাশি কখনও কখনও বিফলতার স্বাদও নেয়।

ছেলেমেয়েরা বিদ্যালয়ে প্রচুর সময় কাটায়।

সে কারণেই বিদ্যালয়ে ভালো থাকা শিশুদের জন্যে গুরুত্বপূর্ণ:

- শিশুরা যেন বিদ্যালয়ে স্বচ্ছন্দ অনুভব করে,
- প্রাপ্তবয়স্করা যেন শিশুদের কথা মন দিয়ে শোনে এবং
- শিশুরা যেন অবশ্যই বিদ্যালয়ে নিরাপদে সুরক্ষিত থাকে।

আপনার শিশুর বিদ্যালয় এসব ব্যাপারে আরও উন্নতি করতে চায়। সেজন্যে শিক্ষক ও বিদ্যালয় পরিচালকবৃন্দ দৃঢ়প্রতিজ্ঞ। ইউনিসেফ এ কাজে তাঁদের সহায়তা করছে।

আপনার মেয়ে বা ছেলে শিগগীরই শিশু-অধিকার বিষয়ে বিদ্যালয়ে আরও জানবে। এ বিশেষ অধিকারগুলো সকল মেয়ে ও ছেলে শিশুর জন্যে প্রযোজ্য – জার্মানিতে এবং সারা বিশ্বে। জাতিসংঘের শিশু-অধিকার সমঝোতা দলিলে এ অধিকারগুলো একত্রে লিপিবদ্ধ রয়েছে।

প্রাপ্তবয়স্কদের উচিত তাঁদের শিশুকে বিদ্যালয়ে তার অধিকারগুলো প্রয়োগে উৎসাহ দেওয়া। শিশুরা যেন তাদের অভিমত প্রকাশ করে এবং শিক্ষকবৃন্দও যেন তাদের কথা গুরুত্ব দিয়ে শোনে। সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আপনার শিশুর অধিকার রয়েছে আলোচনা ও সিদ্ধান্ত চূড়ান্ত করার কাজে অংশ নেওয়ার। পাশাপাশি এটি গুরুত্বপূর্ণ, যেন শিশুরা তাদের সহপাঠী ও শিক্ষকবৃন্দের কথা মন দিয়ে শোনে এবং পরস্পরের সাথে ভালো ব্যবহার করে। এতে করে শেখা সহজ হয়, সেইসাথে শেখার আনন্দও বাড়ে।

আপনি এ ব্যাপারে কী করতে পারেন? আপনার শিশুকে শিশু-অধিকার নিয়ে প্রশ্ন করুন। এ নিয়ে তার সাথে কথা বলুন। উদাহরণ হিসেবে, আপনি তাকে জিজ্ঞাসা করতে পারেন, শিশু-অধিকার নিয়ে তুমি এর মাঝে কী শিখেছো? কিংবা, কোন অধিকারটি তোমার কাছে বিশেষ গুরুত্বপূর্ণ মনে হয়েছে?

আপনিও পারেন আপনার শিশুর বিদ্যালয়কে সহায়তা করতে। সংযুক্ত প্রশ্নমালাটি পূরণ করে আপনার শিশুর বিদ্যালয়ে জমা দিন। ধন্যবাদ!


শুভেচ্ছাসহ,

কিস্টেন লেয়েনডেকার

শিশু-অধিকারবান্ধব বিদ্যালয় কার্যক্রম সমন্বয়ক

ইউনিসেফ ডয়েচল্যান্ড

জাতিসংঘের শিশু-অধিকার সমঝোতা কী?

সকল শিশু-অধিকার এ সমঝোতাটির দলিলে সংকলন করা হয়েছে। বিশ্বের প্রায় সকল দেশ এতে স্বাক্ষর করেছে। এ স্বাক্ষরের মাধ্যমে দেশগুলো শিশুদের ও শিশু-অধিকারিদের পক্ষে কাজ করার প্রতিজ্ঞা করেছে। এ সমঝোতার দলিলে মোট ৫৪টি ধারা রয়েছে। এসব ধারায় বলা হয়েছে:

- লিঙ্গ, দেশ বা গায়ের রং নির্বিশেষে সকল শিশু পরস্পর সমান।
- শিশুর কল্যাণ গুরুত্বপূর্ণ। বিশ্বের সকল মেয়ে ও ছেলে শিশুকে যতটা সম্ভব সহযোগিতা করতে হবে।
- শিশুদের রয়েছে বাঁচার ও ভালোভাবে বেড়ে ওঠার অধিকার।
- শিশুদের অভিমত গুরুত্বের সাথে নিতে হবে।

আপনার মনে আরও জিজ্ঞাসা রয়েছে? তাহলে যোগাযোগ করুন kinderrechteschulen@unicef.de ঠিকানায়।

এ কার্যক্রম সম্পর্কে আরও তথ্য জানতে দেখুন unicef.de/kinderrechteschulen ।

অনুগ্রহ করে

- প্রশ্নমালাটি পূরণ করুন, তারপর
- বিদ্যালয়ে সেটি জমা দিন।

অনেক ধন্যবাদ!